

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.২৯১. ২০১৮ - ৯৭২

তারিখ ২৪ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ
২৬ মে ২০১৮ খ্রিষ্টাব্দ


বিষয়ঃ বাংলাদেশ সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং-৬০৫৮/২০১৫ হতে উদ্ধৃত কনটেম্পট পিটিশন নং-৫৪/২০১৮ এর প্রেক্ষিতে সর্বশেষ অবস্থা সম্পর্কিত তথ্য প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ খুলনা সিটি কর্পোরেশনের স্মারক নং-কেসিসি/সেগবিঃ/প্রঃ শাঃ/২০১৮-৪৯৭; তারিখঃ ৫.৪.২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, সাপোর্ট ফর বেসিক সার্ভিস ইন আরবান এরিয়াস প্রকল্পের (এসবিএসইউএপি) ইউডিসি স্টাফদের (কেয়ারটেকার/কো-অর্ডিনেটর, স্বাস্থ্যকর্মী ও গার্ড) খুলনা সিটি কর্পোরেশনের রাজস্ব খাতে আত্মীকরণ সংক্রান্ত বিষয়ে হাইকোর্ট বিভাগে ৬০৫৮/২০১৫ নং রীট পিটিশন দায়ের করা হয়। উক্ত রীট পিটিশনে হাইকোর্ট বিভাগ ১৬.১১.২০১৬ তারিখে রায় প্রদান করেন। একই বিষয়ে রীট পিটিশন নং- ৫৯৫৯/২০১৫ এবং ৭৫৭/২০১৬ এর রায়ও একত্রে ঘোষিত হয়। রায় বাস্তবায়ন না হওয়ায় পিটিশনারগণ কর্তৃক কনটেম্পট পিটিশন নং-৫৪/২০১৫ দায়ের করা হয়। উক্ত কনটেম্পট পিটিশনে হাইকোর্ট বিভাগের ১৬.১১.২০১৬ তারিখের আদেশ বাস্তবায়ন না করায় কেন আদালত অবমাননার কার্যক্রম গ্রহণ করা হবে না সে মর্মে কারণ দর্শানোর আদেশ দেয়া হয়েছে। উল্লেখ্য, রীট পিটিশন নং-৬০৫৮/২০১৫; ৫৯৫৯/২০১৫ এবং ৭৫৭/২০১৬ এ হাইকোর্ট বিভাগ প্রদত্ত ১৬.১১.২০১৬ তারিখের একীভূত রায়ের অসম্মতিতে খুলনা সিটি কর্পোরেশন কর্তৃক গত ২৫.০১.২০১৮ তারিখে আপীল বিভাগে পৃথক ৩টি লীভ-টু-আপীল দায়ের করা হয়েছে-যার নম্বর যথাক্রমেঃ ৪৮৯/২০১৮; ৪৯০/২০১৮ এবং ৪৯১/২০১৮। উক্ত ৩টি লীভ টু আপীল আগামী ১৮.১০.২০১৮ তারিখে আপীল বিভাগে শুনানীর দিন ধার্য আছে।

২। এমতাবস্থায়, রীট পিটিশন নং-৬০৫৮/২০১৫ হতে উদ্ধৃত কনটেম্পট পিটিশন নং-৫৪/২০১৮ এর প্রেক্ষিতে সর্বশেষ অবস্থা সম্পর্কিত খুলনা সিটি কর্পোরেশন হতে প্রাপ্ত তথ্য প্রেরণ পূর্বক কনটেম্পট পিটিশন নং-৫৪/২০১৮ মামলাটি খুলনা সিটি কর্পোরেশনের নিযুক্ত বিজ্ঞ প্যানেল আইনজীবীর সাথে সমন্বয় করে আপীল বিভাগে শুনানীর জন্য ধার্যকৃত আগামী ১৮.১০.২০১৮ তারিখে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তঃ ২ (দুই) ফর্দ।


(মুহাম্মদ আনোয়ার পাশা)
উপসচিব

☎ ৯৫৪০৯৯৫

E mail: dslaw1.lgd.gov@gmail.com

মোঃ আশরাফুল আলম
বিজ্ঞ প্যানেল আইনজীবী
স্থানীয় সরকার বিভাগ।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপিঃ

- ১। যুগ্মসচিব (নগর উন্নয়ন-১), স্থানীয় সরকার বিভাগ।
- ২। প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্মসচিব), খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।
- ৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে আপলোড করার জন্য)।
- ৫। অফিস কপি/মাষ্টার কপি।